



সারোয়ার খান ডিগ্রী কলেজে নানা সমস্যা ॥ লেখাপড়া বিঘ্নিত

দিঘলিয়া (খুলনা) থেকে সংবাদপাতা ৪ দিঘলিয়া উপজেলার সেনহাটিস্থ আলহাজ্ব সারোয়ার খান ডিগ্রী কলেজটিতে বহুবিধ সমস্যা বিরাজমান। এইসব সমস্যার কারণে ছাত্র-ছাত্রীদের পড়াশুনা বিঘ্নিত হচ্ছে। প্রতিষ্ঠাকাল থেকে এ পর্যন্ত কলেজটির অবকাঠামোগত উন্নয়নে সরকারীভাবে অর্থ বরাদ্দ করা হয়নি।

কলেজের অধ্যক্ষ এ এসএম সাইফুদ্দোহা জানান, এলাকাবাসীর উদ্যোগে শিল্পপতি আলহাজ্ব সারোয়ার খান ১৯৯৩ সালে এই কলেজটি প্রতিষ্ঠা করেন। উপজেলার অধিকাংশ মানুষ দরিদ্র হবার কারণে তারা তাদের সন্তানদের উচ্চশিক্ষা গ্রহণের ব্যাপারে অগ্রহী ছিল না। কিন্তু এলাকায় কলেজ প্রতিষ্ঠিত হবার পর নামমাত্র বেতনে তারা তাদের সন্তানদের উচ্চ শিক্ষা দেয়ার সুযোগ পায়। বর্তমানে এই কলেজে ৮ শতাধিক ছাত্র-ছাত্রী রয়েছে। অধ্যক্ষ জানান, ছাত্র-ছাত্রী অনুযায়ী শ্রেণী কক্ষ না থাকায় পাঠদান-বাহ্যত হচ্ছে। কলেজে প্রয়োজনীয় আসবাবপত্র নেই। বিজ্ঞান বিভাগের ছাত্র-ছাত্রীদের জন্য আলাদা বিজ্ঞান ভবন নেই। ছাত্রীদের কমনরুম নেই। পুথক পাঠ কক্ষও নেই। তিনি জানান, এলাকার কলেজ, কম বেতন এবং শিক্ষার মান ভালো হবার কারণে প্রতি বছর কলেজটিতে ছাত্র-ছাত্রীর সংখ্যা বাড়ছে। পাশাপাশি বাড়ছে সমস্যাও। বর্তমানে কলেজটিতে ৩৪ জন শিক্ষক, ১১ জন কর্মচারী রয়েছে। বিপত ওইচএসসি পরীক্ষায় এই কলেজ থেকে ২২ জন প্রথম বিভাগ, ৪৬ জন ২য় বিভাগ এবং ৩ জন ৩য় বিভাগ লাভ করে। এলাকাবাসী এই কলেজটির নতুন ভবন নির্মাণ তথা অবকাঠামোগত উন্নয়নের জন্য সর্গশ্রী কর্তৃপক্ষের প্রতি দাবি জানিয়েছে।